বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ই-মেইল dgmlad1@krishibank.org.bd
dgmsme@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০১৯-২০২০/ ১৪৫৭(১২০০) তারিখঃ ২৮/০৬/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ **নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৫, তারিখঃ ২২/০৬/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উল্লেখিত সার্কুলার লেটারের নির্দেশনা নিম্নরূপঃ

ক) এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০ এর ৬(খ) নং অনুচ্ছেদ মোতাবেক, প্রত্যেক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান আলোচ্য প্যাকেজের আওতায় চলতি মূলধন ঋণ বিতরণের বিষয়ে বাংলাদেশ ব্যাংক এর 'এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট'-এ প্রতি মাসের ১০ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসে অনুমোদিত ও বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিষয়ে সংযোজনী-১ এর ক ও খ এবং ২ এর ক ও খ এ প্রদত্ত ছকে প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করার নির্দেশনা দেয়া হয়।

খ) লক্ষ্য করা যাচ্ছে যে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ উক্ত সার্কুলারের আওতায় ঋণ বিতরণ কার্যক্রমে আশানুরূপ গতি আনয়নে সক্ষম হয়নি। তাই সার্বক্ষণিক তদারকীর লক্ষ্যে সিএমএসএমই খাতে ঋণ/বিনিয়োগ বিতরণ তদারকী আরও জোরদার করার আবশ্যকতা দেখা দিয়েছে।

গ) এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, আলোচ্য প্যাকেজের আওতায় বিতরণকৃত সিএমএসএমই ঋণ/বিনিয়োগ সংক্রান্ত বিবরণী প্রতি মাসের পরিবর্তে পাক্ষিক ভিত্তিতে প্রতি পাক্ষিকের বিবরণী পরবর্তী ০৫ দিনের মধ্যে অর্থাৎ প্রথম পাক্ষিকের বিবরণী সংশ্লিষ্ট মাসের ২০ তারিখের মধ্যে এবং দ্বিতীয় পাক্ষিকের বিবরণী পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে 'এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট'-এ দাখিল করতে হবে।

ঘ) এতদ্ব্যতীত সূত্রোল্লিখিত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

ঙ) ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

০৩। উপরোক্ত সার্কুলার লেটারে নির্দেশনা মোতাবেক আলোচ্য প্যাকেজের আওতায় বিতরণকৃত সিএমএসএমই ঋণ/বিনিয়োগ সংক্রান্ত বিবরণী প্রতি মাসের পরিবর্তে পাক্ষিক ভিত্তিতে প্রতি পাক্ষিকের বিবরণী পরবর্তী ০৫ দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এ দাখিলের বাধ্যবাধকতা রয়েছে। সে লক্ষ্যে শাখা হতে উল্লেখিত বিবরণী পাক্ষিকের শেষ কর্মদিবসে (প্রথম পাক্ষিক মাসের ১৫ তারিখে এবং দিতীয় পাক্ষিক মাসের শেষ কর্মদিবসে) মুখ্য আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। মুখ্য আঞ্চলিক কার্যালয় কর্তৃক একীভূত বিবরণী পরবর্তী কর্মদিবসে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। বিভাগীয় কার্যালয় কর্তৃক আঞ্চলিক কার্যালয়সমূহ/কর্পোরেট শাখা হতে প্রাপ্ত বিবরণী একীভূত করে প্রথম পাক্ষিকের বিবরণী মাসের ১৭ তারিখের মধ্যে এবং দ্বিতীয় পাক্ষিকের বিবরণী পরবর্তী মাসের ০২ তারিখের মধ্যে অত্র বিভাগের ই-মেইলে (dgmsme@krishibank.org.bd) প্রেরণ নিশ্চিত করতে হবে। বিবরণী প্রেরণের দিন সাপ্তাহিক ছুটি থাকলে পূর্ববর্তী কর্মদিবসে তা প্রেরণ নিশ্চিত করতে হবে। শাখা ও অঞ্চল হতে আলাদা কোন বিবরণী প্রধান কার্যালয়ে প্রেরণ করা যাবে না। স্থানীয় মুখ্য কার্যালয় হতে সরাসরি ক্রেডিট বিভাগে বিবরণী প্রেরণ করতে হবে।

০৪। এমতাবস্থায়, এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০, তারিখঃ ১৩/০৪/২০২০ এ প্রদত্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরনপূর্বক করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ বিতরণ কার্যক্রমে গতিশীলতা আনয়নপূর্বক লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনসহ বিতরণকৃত ঋণের তথ্যাদি যথাসময়ে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করার অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৮/০৬/2020

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০১৯-২০২০/ ১৪৫৭(১২০০) তারিখঃ ২৮/০৬/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

28/06/20

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

website: www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৫

তারিখঃ ২২ জুন ২০২০ / ০৮ আষাঢ় ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ১৩ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের ৬(খ) নং অনুচ্ছেদ মোতাবেক, প্রত্যেক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান আলোচ্য প্যাকেজের আওতায় চলতি মূলধন ঋণ বিতরণের বিষয়ে বাংলাদেশ ব্যাংক এর 'এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট'-এ প্রতি মাসের ১০ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসে অনুমোদিত ও বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিষয়ে সংযোজনী-১ এর ক ও খ এবং ২ এর ক ও খ এ প্রদত্ত ছকে প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করার নির্দেশনা দেয়া হয়।

০৩। লক্ষ করা যাচ্ছে যে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ উক্ত সার্কুলারের আওতায় ঋণ বিতরণ কার্যক্রমে আশানুরূপ গতি আনয়নে সক্ষম হয়নি। তাই সার্বক্ষণিক তদারকীর লক্ষ্যে সিএমএসএমই খাতে ঋণ/বিনিয়োগ বিতরণ তদারকী আরও জোরদার করার আবশ্যকতা দেখা দিয়েছে।

০৪। এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, আলোচ্য প্যাকেজের আওতায় বিতরণকৃত সিএমএসএমই ঋণ/বিনিয়োগ সংক্রান্ত বিবরণী প্রতি মাসের পরিবর্তে পাক্ষিক ভিত্তিতে প্রতি পাক্ষিকের বিবরণী পরবর্তী ০৫ দিনের মধ্যে অর্থাৎ প্রথম পাক্ষিকের বিবরণী সংশ্লিষ্ট মাসের ২০ তারিখের মধ্যে এবং দ্বিতীয় পাক্ষিকের বিবরণী পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে 'এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট'-এ দাখিল করতে হবে।

০৫। এতদ্ব্যতীত সূত্রোল্লিখিত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী মামুন)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোনঃ ৯৫৩০১৭২